

আল-আহকাফ | Al-Ahqaf | الْأَحْقَاف

আয়াতঃ ৪৬ : ১৯

আরবি মূল আয়াত:

وَلِكُلِّ دَرَجَتٍ مِّمَّا عَمِلُوا وَ لِيُؤْفِقِيَهُمْ أَعْمَالُهُمْ وَ هُمْ لَا يُظْلَمُونَ ﴿١٩﴾

অনুবাদসমূহ:

আর সকলের জন্যই তাদের আমল অনুসারে মর্যাদা রয়েছে। আর আল্লাহ যেন তাদেরকে তাদের কর্মের পূর্ণ প্রতিফল দিতে পারেন। আর তাদের প্রতি কোন যুলম করা হবে না। — আল-বায়ান

প্রত্যেকের জন্য মর্যাদা আছে তার কৃতকর্ম অনুসারে, যেন আল্লাহ তাদের কর্মের পুরোপুরি প্রতিফল দেন। তাদের উপর কক্ষনো যুলম করা হবে না। — তাইসিরুল

প্রত্যেকের মর্যাদা তার কাজ অনুযায়ী; এটা এ জন্য যে, আল্লাহ প্রত্যেকের কর্মের পূর্ণ প্রতিফল দিবেন এবং তার প্রতি অবিচার করা হবেনা। — মুজিবুর রহমান

And for all there are degrees [of reward and punishment] for what they have done, and [it is] so that He may fully compensate them for their deeds, and they will not be wronged. — Sahih International

১৯. আর প্রত্যেকের জন্য তাদের আমল অনুসারে মর্যাদা রয়েছে; এবং যাতে আল্লাহ প্রত্যেকের কাজের পূর্ণ প্রতিফল দিতে পারেন। আর তাদের প্রতি যুলুম করা হবে না।(১)

(১) অর্থাৎ না ভাল লোকদের ত্যাগ ও কুরবানী নষ্ট হবে না মন্দ লোকদেরকে তাদের প্রকৃত অপরাধের অধিক শাস্তি দেয়া হবে। সৎ ব্যক্তি যদি তার পুরস্কার থেকে বঞ্চিত থাকে কিংবা প্রকৃত প্রাপ্যের চেয়ে কম পুরস্কার পায় তাহলে তা যুলুম। আবার খারাপ লোক যদি তার কৃত অপরাধের চেয়ে বেশী শাস্তি পায় তাহলে সেটাও যুলুম। [দেখুন: তাবারী, মুয়াস্সার]

তাফসীরে জাকারিয়া

(১৯) প্রত্যেকের মর্যাদা তার কর্মানুযায়ী।[1] তা এই জন্য যে, আল্লাহ সকলের কর্মের পূর্ণ প্রতিফল দান করবেন এবং তাদের প্রতি অবিচার করা হবে না। [2]

[1] মু'মিন ও কাফের উভয়েরই নিজ নিজ আমল অনুযায়ী আল্লাহর নিকট মর্যাদা নির্ধারিত হবে। মু'মিন উচ্চ মর্যাদা লাভে ধন্য হবে। পক্ষান্তরে কাফের জাহান্নামে স্থান লাভ করবে।

[2] পাপীদেরকে তাদের অপরাধের বেশী শাস্তি দেওয়া হবে না এবং নেককারদের প্রতিদানে কমতি করা হবে না।

বরং প্রত্যেককে সুখ ও শান্তি থেকে ততটুকুই দেওয়া হবে, যতটুকু পাওয়ার সে যোগ্য হবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4529>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন